
# কুয়েতের ক্রাউন প্রিন্সের সঙ্গে তারেক রহমানের বৈঠক



ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে অবস্থানরত প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে কুয়েতের ক্রাউন প্রিন্স শেখ সাবাহ্ খালেদ আল-হামাদ আল-সাবাহর দ্বিপাক্ষিক বৈঠক হয়েছে।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) নিউইয়র্কে কুয়েতের স্থায়ী মিশনে অনুষ্ঠিত বৈঠকে দুই দেশের ঐতিহাসিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার এবং পারস্পরিক সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা করেন দুই নেতা।

বৈঠকে বাংলাদেশ-কুয়েত সম্পর্কের বিকাশে সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অবদানের কথা স্মরণ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, তাদের সময়ে গড়ে ওঠা পারস্পরিক শ্রদ্ধা, সৌহার্দ্য ও সহযোগিতার সম্পর্ক সময়ের সঙ্গে আরও বিস্তৃত হয়েছে।

দুই দেশের শ্রমশক্তি রপ্তানি, বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো এবং অর্থনৈতিক সহযোগিতা জোরদারসহ বিভিন্ন বিষয়ে মতবিনিময় হয়। পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয় নিয়েও আলোচনা করেন তারা।

প্রধানমন্ত্রী দুই দেশের রাজনৈতিক নেতৃত্বের মধ্যে উচ্চপর্যায়ের যোগাযোগ বাড়ানোর পাশাপাশি অর্থনীতি, বাণিজ্য, বিনিয়োগ ও জনশক্তিসহ সম্ভাবনাময় খাতে সহযোগিতা আরও সম্প্রসারণের ওপর গুরুত্ব দেন। বৈঠকে পারস্পরিক স্বার্থে নিয়মিত যোগাযোগ ও সমন্বয় অব্যাহত রাখার বিষয়েও উভয় পক্ষ গুরুত্বারোপ করে।